

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২২ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/ ০৭ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নং-৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-৫১৭ সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৩৪ এর ২ এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার ডিজেলের মূল্য বৃদ্ধিজনিত কারণে ডিজেল চালিত বাস ও মিনিবাসের সর্বোচ্চ ভাড়া নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করলঃ

(ক) আশুজাঙ্গা ও দুরপাল্লার রুটে চলাচলকারী বাস ও মিনিবাস এর ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০৩ মে ২০১৬ খ্রি: তারিখের ৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-১৬৩ নং প্রজ্ঞাপনে উল্লেখিত প্রতি যাত্রী প্রতি কিলোমিটার সর্বোচ্চ ভাড়া ১.৪২ টাকার স্থলে ১.৮০ টাকা;

(খ) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী বাস ও মিনিবাস এর ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ১৬ সেপ্টেম্বর ২০১৫ খ্রি: তারিখের ৩৫.০২০.০০৬.০০.০০.০১৯.২০১৩-৪১৭ নং প্রজ্ঞাপনে উল্লেখিত প্রতি যাত্রী প্রতি কিলোমিটার ভাড়া যথাক্রমে ১.৭০ টাকার স্থলে ২.১৫ টাকা ও ১.৬০ টাকার স্থলে ২.০৫ টাকা। বাস ও মিনিবাসের ক্ষেত্রে সর্বনিম্ন ভাড়া যথাক্রমে ৭ টাকার স্থলে ১০ টাকা ও ৫ টাকার স্থলে ৮ টাকা;

(গ) ঢাকা টাপপোর্ট কোঅর্ডিনেশন অথরিটি (ডিটিসিএ) এর আওতাধীন জেলার (নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর, মানিকগঞ্জ ও ঢাকা জেলা) অভ্যন্তরে চলাচলকারী বাস ও মিনিবাস উভয় ক্ষেত্রে ভাড়া প্রতি যাত্রী প্রতি কিলোমিটার ১.৬০ টাকার স্থলে ২.০৫ টাকা;

(ঘ) প্রস্তুতকারক/বিআরটিএ কর্তৃক অনুমোদিত আসন সংখ্যা কমিয়ে আরামদায়ক ভ্রমণের জন্য বাস/মিনিবাসের আসন সংখ্যা পুনর্নির্ধারণ করা হলে উপরিউক্ত অনুচ্ছেদ-ক অনুযায়ী আনুপাতিকভাবে ভাড়ার হার নির্ধারিত হবে। সেক্ষেত্রে রুট পারমিট অনুমোদনকারী কর্তৃপক্ষ (বিআরটিএ/যাত্রী ও পণ্য পরিবহন কমিটি) হতে আনুপাতিকভাবে ভাড়ার হার অনুমোদন করিয়ে নিতে হবে।

০২। এ ভাড়া বৃদ্ধি গ্যাস, অকটেন ও পেট্রোল চালিত যানবাহনের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

০৩। ডিজেল চালিত বাস ও মিনিবাসের ভাড়া নির্ধারণ সংক্রান্ত ইতিপূর্বে জারিকৃত সকল প্রজ্ঞাপন/আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

০৪। জনস্বার্থে জারিকৃত এ ভাড়ার হার ০৮ নভেম্বর ২০২১ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



০৭/১১/২০২১

(মোঃ জামিল উদ্দিন)

সহকারী সচিব